



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সেতু বিভাগ



প্রেস রিলিজ:

সেতু বিভাগের জাতীয় শোক দিবস ২০২১ পালন

ঢাকা, রবিবার, ১৫ আগস্ট ২০২১

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদাত বার্ষিকীতে ১৫ই আগস্ট জাতীয় শোক দিবস-এ সকাল ০৮:০০ ঘটিকার খানমন্ডির ৩২নম্বর রোডে অবস্থিত জাতির পিতার প্রতিকৃতিতে সেতু বিভাগের সচিব ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক জনাব মোঃ আবু বকর ছিদ্দীক-এর নেতৃত্বে সেতু বিভাগ ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের কর্মকর্তাগণ পুষ্পস্তবক অর্পণ করেন।

সেতু বিভাগের আওতাধীন সকল কার্যালয়ের মসজিদে সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে জাতির পিতার পরিবারের সকল শহিদের বিদেহী আত্মার মাগফেরাতের জন্য বাদ যোহর বিশেষ মোনাজাত করা হয়।

এছাড়া, জুম অনলাইন প্ল্যাটফর্মে “বঙ্গবন্ধুর জীবনালেখ্য ও যোগাযোগখাতে উন্নয়ন দর্শন” বিকাল ০৩:৩০ ঘটিকায় আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে যুক্ত ছিলেন সেতু বিভাগের সচিব জনাব মোঃ আবু বকর ছিদ্দীক। উক্ত অনুষ্ঠানে সভাপতির দায়িত্ব পালন করেন সেতু বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন) জনাব মোঃ আনোয়ার হোসেন এবং মূল প্রবন্ধ উপস্থাপন করেন পদ্মা বহুমুখী সেতু নির্মাণ প্রকল্পের উপপ্রকল্প পরিচালক (প্রশাসন) ও অতিরিক্ত সচিব দেওয়ান সাইদুল হাসান। সেতু বিভাগ ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের উপসচিব/সমমর্যাদা ও তদুর্ধ্ব কর্মকর্তাগণও এতে অংশগ্রহণ করেন।